করোনাভাইরাস: মধ্যবয়সীদের ঝুঁকি বেশি

⇒ আক্রান্ত প্রায় সবার নিউমোনিয়া দেখা দেয়।
⇒ডায়াবেটিসের রোগীদের ঝুঁকি বেশি।
⇒বাদুড় এর কারণ হতে পারে।

নতুন করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তিদের গড় বয়স ৫৫ বছর। আক্রান্ত ব্যক্তিদের মধ্যে পুরুষ বেশি। এই ভাইরাসে আক্রান্ত হলে তীব্র শ্বাসকষ্ট হয়। ভাইরাসের জিন পরীক্ষা করে দেখা গেছে, বাদুড়ের মাধ্যমে ছড়ায় এমন রোগের সঙ্গে এর সম্পর্ক আছে।

নতুন করোনাভাইরাস নিয়ে অল্প সময়ের মধ্যে করা পৃথক কিছু গবেষণায় এসব তথ্য পাওয়া গেছে। চীনের কিছু গবেষণা প্রতিষ্ঠান ও হাসপাতালের বিজ্ঞানী ও চিকিৎসকেরা এসব গবেষণা করেছেন। যুক্তরাজ্য থেকে প্রকাশিত জনস্বাস্থ্য সাময়িকী ল্যানসেট-এ তাঁদের পৃথক ছয়টি গবেষণা প্রবন্ধ ছাপা হয়েছে।

চীনের উহান জাইনিনতান হাসপাতালে ১৪ বছরের বেশি বয়সীদের চিকিৎসা হয়। এই হাসপাতালে ১ থেকে ২০ জানুয়ারির মধ্যে ভর্তি হওয়া ৯৯ জন রোগী নিয়ে গবেষণা করেছে একটি দল। রোগীদের প্রত্যেকের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছিল। এদের মধ্যে পুরুষ ছিল ৬৭ জন, আর নারী ৩২ জন। গবেষকেরা রোগতাত্ত্বিক, জনমিতিক, চিকিৎসাসংক্রান্ত, পরীক্ষা-নিরীক্ষাসংক্রান্ত, ব্যবস্থাবিষয়ক তথ্য বিশ্লেষণ করেছেন।

ওই বিশ্লেষণে দেখা গেছে, রোগীদের গড় বয়স ছিল ৫৫ দশমিক ৫ বছর। ৫০ শতাংশ রোগীর অন্য কোনো দীর্ঘস্থায়ী রোগ ছিল। এঁদের মধ্যে জ্বর ও কাশি ছিল যথাক্রমে ৮৪ ও ৮২ শতাংশের। ৩১ শতাংশের ছিল ঘন ঘন শ্বাসপ্রশ্বাসের সমস্যা। অন্যদিকে ৭৪ শতাংশের নিউমোনিয়াও দেখা দিয়েছিল। গবেষকেরা বলছেন, দীর্ঘস্থায়ী রোগে ভোগা পুরুষদের এই ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি তুলনামূলকভাবে বেশি।

রোগের লক্ষণ বোঝার জন্য ২ জানুয়ারি পর্যন্ত ভর্তি হওয়া ৪১ জন রোগীকে নিয়ে আরেকটি গবেষণা হয়েছে। রোগীদের মধ্যে ৩০ জন ছিল পুরুষ। তাদের ২০ শতাংশের ডায়াবেটিস, ১৫ শতাংশের উচ্চ রক্তচাপ ও ১৫ শতাংশের হৃদ্রোগ ছিল।

আক্রান্ত ব্যক্তিদের ৯৮ শতাংশের জ্বর ও ৭৬ শতাংশের কাশি ছিল। ক্লান্তি ও অবসাদ ছিল ৪৪ শতাংশের। এক্স-রেতে দেখা যায়, ৪১ জন রোগীর প্রত্যেকেরই নিউমোনিয়া হয়েছিল। এদের মধ্যে ১৩ জন রোগীকে নিবিড় পরিচর্যাকেন্দ্রে ভর্তি করা হয়েছিল। এদের মধ্যে ছয়জন মারা যায়।

পৃথক অন্য একটি গবেষণা প্রবন্ধের ভূমিকায় করোনাভাইরাস শনাক্ত হওয়ার ইতিহাস বলা হয়েছে। এর মধ্যে গুরুত্বপূর্ণ হচ্ছে ২০০২ সালের নভেম্বরে চীনে দেখা দেওয়া সার্স (সিভিয়ার অ্যাকিউট রেসপিরেটরি সিনড্রোম) ভাইরাস। ২০০২-০৩ সালের মধ্যে ৩৭টি দেশে এই ভাইরাস ছড়িয়ে পড়ে। এতে ৮ হাজারের মতো মানুষ আক্রান্ত হয়, আর মারা যায় ৭৭৪ জন। ২০১২ সালে সৌদি আরবে প্রথম মার্স (মিডল ইস্ট রেসপিরেটরি সিনড্রোম) ভাইরাস শনাক্ত হয়।

এই গবেষকেরা চীনের উহান প্রদেশে উৎপত্তি হওয়া নতুন করোনাভাইরাসের ধরন জানতে জিন বিশ্লেষণ করেছেন। ৯ জন রোগীর লালা থেকে তাঁরা ভাইরাস সংগ্রহ করেন। গবেষকেরা বলছেন, বাদুড় ছড়ায় এমন করোনাভাইরাসের সঙ্গে নতুন এই ভাইরাসের ৮৮ শতাংশ মিল আছে।

এই ভাইরাস দ্রুত ছড়িয়ে পড়ছে বা বহু লোক আক্রান্ত হচ্ছে এমন খবর প্রতিদিনই গণমাধ্যমে আসছে। তবে কত দ্রুত ছড়াতে পারে, তারও একটি গবেষণা হয়েছে। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর থেকে ২৮ জানুয়ারি পর্যন্ত প্রাপ্ত তথ্য গবেষকেরা বিশ্লেষণ করেছেন। তাঁরা বলছেন, ‘২০১৯ এনসিওভি’-এর সংক্রমণ ক্ষমতা ২ দশমিক ৬৯। অর্থাৎ আক্রান্ত একজনের মাধ্যমে আরও প্রায় তিনজনের সংক্রমণের ঝুঁকি আছে। ওই গবেষক দল বলছে, ওই সময়ে উহান শহরে করোনাভাইরাসে সংক্রমিত ব্যক্তির অনুমিত সংখ্যা ছিল ৭৫ হাজার ৮১৫।

ওই এক মাস সময়ের মধ্যে কত সংখ্যক সংক্রমিত ব্যক্তি উহান শহর থেকে বেইজিং, সাংহাইসহ পাঁচটি বড় শহরে গেছে, তারও একটি অনুমিত হিসাব দিয়েছেন গবেষকেরা। গবেষকেরা বলছেন, সংক্রমণ প্রতিরোধে বড় উদ্যোগ না নিলে ওই সব শহরেও স্থানীয়ভাবে ভাইরাসের সংক্রমণ বাড়বে, যা মহামারির আশঙ্কাকে দ্রুততর করবে।

আরো পড়ুন-ঝিনাইদহে শান্তিপূর্ণ ভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত

দুঃখ প্রকাশ করলেন ইমরান খান

মালয়েশিয়ার কুয়ালালামপুর সম্মেলনে উপস্থিত হতে না পারায় দুঃখ প্রকাশ করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। গত বছরের ডিসেম্বরে ওই সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

মুসলিম উম্মাহকে বিভক্ত করতেই এই সম্মেলন বলে একটা ভুল ধারনা তৈরি হয়েছিল বলে তিনি মন্তব্য করেন।-খবর ডনের

মঙ্গলবার পুত্রজায়ায় মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদের সঙ্গে বৈঠকের পর এক সংবাদ সম্মেলনে তিনি এমন মন্তব্য করলেন। ইমরান খান বলেন, গত মধ্য ডিসেম্বরের ওই সম্মেলনে আমি উপস্থিত হতে পারিনি। এতে কতটা দুঃখ পেয়েছি, তা আমি বলতে চাই।

তিনি বলেন, আমাদের ঘনিষ্ঠ বন্ধুরা মনে করেছেন যে মুসলিম উম্মাহকে বিভক্ত করতেই এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। কিন্তু তারা ভুল ধারনা পোষণ করেছেন বলে এখন সত্যিকার প্রমাণ হয়ে গেছে।

গত বছরের ওই সম্মেলনে যোগ দেয়া থেকে বিরত ছিলেন ইমরান খান। বলা হয়, সৌদি আরবের চাপেই তিনি কুয়ালালামপুরে যাননি। পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী শাহ মেহমুদ কুরাইশি তখন বলেছিলেন, রিয়াদ ও আরব আমিরাত এই সম্মেলন নিয়ে উদ্বিগ্ন।

সংবাদ সম্মেলনে মাহাথির মোহাম্মদ বলেন, কয়েকটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বাধা দূর করার মধ্য দিয়ে বাণিজ্যিক সম্পর্ক জোরদার করতে দুই দেশের মধ্যে নিয়মিত আলোচনা দরকার।

তবে মালয়েশিয়ায় তাকে স্বাগত জানানোয় মাহাথির মোহাম্মদকে

পেঁয়াজ চুরির সালিশে মারধর, অপমানে বৃদ্ধার আত্মহত্যা

পেঁয়াজ চুরির অভিযোগে সালিশ ডেকে মারধর করা হয় এক বৃদ্ধ নারীকে। এ অপমান সইতে না পেরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন ওই নারী।

গত শনিবার ভারতের উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জের মাঝিয়ারি এলাকায় এ ঘটনা ঘটে।

আত্মঘাতী ওই নারীর নাম মিনতি দেবী (৬৪)।

নিহতের মেয়ের অভিযোগের বরাতে সংবাদ প্রতিদিন জানিয়েছে, বাড়িতে একা থাকতেন মিনতি দেবী। অভাবের কারণে বাজারে কুড়িয়ে পাওয়া সবজি দিয়েই ক্ষুধা মেটাতেন।

১৫-২০ দিন আগে তার বিরুদ্ধে পেঁয়াজ চুরির অভিযোগ তুলে সম্প্রতি সালিশ ডাকেন স্থানীয়রা।

ওই সালিশে তাকে নির্মম অত্যাচার করা হয়। এই অপমান সইতে না পেরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন মিনতি।

তবে বৃদ্ধার মেয়ের অভিযোগ ভিত্তিহীন বলে দাবি করেছেন স্থানীয় পঞ্চায়েতের উপপ্রধান ননী গোপাল মণ্ডল।

তিনি বলেন, ‘সালিশি সভায় ওনাকে ডাকা হয়েছিল। কিন্তু কোনো অত্যাচার করা হয়নি। এ কাজ যেন তিনি ফের না করেন, সেটিই বোঝানো হয়েছিল।’

কালিয়াগঞ্জের পুলিশ সুপার সুমিত কুমার বলেন, বৃদ্ধার মেয়ে সালিশি সভায় অত্যাচারের বিষয়টি জানিয়েছেন। তবে কোনো লিখিত অভিযোগ দেননি। তদন্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সুত্র-যুগান্তর

করোনাভাইরাসে মৃত বেড়ে ৩৬১

চীনের হুবেই প্রদেশের উহান থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৬১ জন। এর মধ্যে চীনের বাইরে প্রথমবারের মতো ফিলিপাইনের এক ব্যক্তি এই ভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছেন।

চীনের জাতীয় স্বাস্থ্য কমিশন জানিয়েছে, রোববার নতুন করে ৫৭ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে একজন ছাড়া বাকি সব মৃত্যুর ঘটনা ঘটেছে হুবেই প্রদেশে। আক্রান্ত হয়েছে আরো ১৭ হাজার ২০৫ জন। এছাড়া নতুন করে দুই হাজার ৮২৯ জন সংক্রমণের শিকার হয়েছে।

এদিকে করোনাভাইরাসে আক্রান্তদের চিকিৎসা দিতে মাত্র আট দিনে ১০০০ শয্যাবিশিষ্ট একটি হাসপাতাল নির্মাণ করেছে চীন। ১৫০০ শয্যার আরেকটি হাসপাতাল নির্মাণাধীন রয়েছে বলেও জানিয়েছে কর্তৃপক্ষ।

যেসব দেশে রোগ নিয়ন্ত্রণ ও চিকিৎসা ব্যবস্থা তুলনামূলকভাবে দুর্বল, সেসব দেশে মানুষ থেকে মানুষে সংক্রমণ শুরু হলে পরিস্থিতি কী হবে, সেই ভাবনা থেকেই বৈশ্বিক জরুরি অবস্থা জারির সিদ্ধান্ত নিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

দ্রুত ছড়াতে থাকায় এবং মৃত্যুর হার বাড়তে থাকায় বিভিন্ন দেশ উহান ও হুবেই থেকে তাদের নাগরিকদের ফিরিয়ে নিচ্ছে। তবে অনেক দেশ আবার চীনে যাওয়া ও চীন থেকে আসার ব্যাপারে নিষেধাজ্ঞা জারি করেছে।

উহান থেকে নিয়ে আসা এসব ব্যক্তিদের অনেককেই ১৪ দিনের জন্য পর্যবেক্ষণে রাখা হয়েছে।

চীন ছাড়াও আরও অন্তত ২২টি দেশে প্রায় ১৫০ লোক কারোনাভাইরাসে আক্রান্ত হয়েছে।

করোনাভাইরাসের ওষুধ আবিষ্কারে সফল থাই চিকিৎসকরা!

প্রাণঘাতী করোনাভাইরাস চিকিৎসার ভ্যাকসিন আবিষ্কারের দাবি করেছেন থাইল্যান্ডের চিকিৎসকরা।

দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাতে বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, কয়েকটি অ্যান্টিভাইরাল ওষুধের সংমিশ্রণ করে করোনাভাইরাস আক্রান্ত এক রোগীকে সুস্থ করে তুলেছেন থাইল্যান্ডের চিকিৎসকরা।

এ বিষয়ে স্থানীয় সময় রোববার থাই স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, থাইল্যান্ডে অবস্থানরত করোনাভাইরাস আক্রান্ত এক চীনা নারীকে ইনফ্লুয়েঞ্জা ও এইচআইভির চিকিৎসায় ব্যবহৃত অ্যান্টিভাইরাল ওষুধের মিশ্রণ দেয়া হয়। মাত্র ৪৮ ঘণ্টা পর ৭১ বছর বয়সী ওই নারী সুস্থ হতে থাকেন।

ওই নারীর চিকিৎসক ডা. ক্রিয়েংসাক আত্তিপর্নানিচ স্থানীয় সাংবাদিকদের বলেন, গুরুতর অবস্থায় ওই রোগী তার হাসপাতালে ভর্তি হয়েছিল। প্রথমেই ধরা পড়ে তিনি করোনাভাইরাসে আক্রান্ত। এর পর অ্যান্টি-ফ্লু ওষুধ ওসেলটামিভির এবং এইচআইভির চিকিৎসায় ব্যবহৃত লোপিনাভির ও রিটোনাভিরের মিশ্রণ মিলিয়ে একটি গবেষণামূলক চিকিৎসা প্রদান করি তাকে। আশ্চর্যজনকভাবে তিনি সেরে উঠতে থাকেন। বলতে গেলে মাত্র ৪৮ ঘণ্টার মধ্যেই রোগীর অবস্থার উন্নতি সন্তষজনক।

তিনি বলেন, দুদিন আগেও যে রোগী বসার সক্ষমতা হারিয়ে ফেলেছিলেন এ ওষুধ প্রয়োগের ১২ ঘণ্টা পরেই তিনি বসতে সক্ষম হন। তার শ্বাসকষ্ট অনেকটাই কমে গেছে। আমরা দেখেছি করোনাভাইরাস আক্রান্ত হওয়ার ল্যাব রেজাল্টটি ৪৮ ঘণ্টার মধ্যেই পজিটিভ থেকে নেগেটিভ হয়ে গেছে।

তিনি উচ্ছ্বসিত কণ্ঠে বলেন, এই সফল গবেষণার প্রতিবেদন আমরা থাই স্বাস্থ্য মন্ত্রণালয়ে পাঠিয়েছি। এখন শুধু ওই মিশ্রণটি নিয়ে আরও গবেষণা চালিয়ে নেয়া হবে কিনা সেই সিদ্ধান্তের অপেক্ষা করছি।

উল্লেখ্য, করোনাভাইরাসের ভ্যাকসিন আবিষ্কারের দাবি করেছিল বেইজিংয়ের একটি হাসপাতালের ভাইরোলজিস্টরা।

তারাও করোনাভাইরাস আক্রান্তদের চিকিৎসায় এইচআইভির ওষুধ ব্যবহার করেছেন বলে আন্তর্জাতিক গণমাধ্যমে প্রকাশ হয়। তবে তাদের এ দাবির সপক্ষে কোনো প্রতিবেদন প্রকাশ করেনি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ।

এদিকে আলজাজিরা জানিয়েছে, রোববার পর্যন্ত করোনাভাইরাসে অন্তত ৩৬১ জন প্রাণ হারিয়েছে। কেবল গতকালই মারা গেছে ৫৭ জন। যাদের সবাই ভাইরাসের আঁতুড়ঘর হুবেইপ্রদেশের।

রয়টার্স জানিয়েছে, চীনে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ২ হাজার ৮২৯ জন। ফলে দেশটিতে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১৭ হাজার ২০৫ জন।

শিনহুয়া নেট জানায়, উহান থেকে মাত্র ৬০ কিলোমিটার দূরে অবস্থিত শহর হুয়াগংয়ে নতুন করে ২৪৪ জন আক্রান্ত হয়েছেন এবং অন্তত দুজন মারা গেছেন।

চীনের ৩১টি প্রদেশ এবং বিশ্বের অন্তত ২৬ দেশে করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে ইতিমধ্যে।

এ খবরের পর বিশ্বজুড়ে স্বাস্থ্যগত জরুরি অবস্থা ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

সুত্র-যুগান্তর

মালয়েশিয়ায় করোনাভাইরাসে

ভারতীয় যুবকের মৃত্যু

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মালয়েশিয়ায় মৃত্যু হয়েছে এক ভারতীয় যুবকের। তিনি ত্রিপুরার বাসিন্দা ছিলেন। ৩৩ বছর বয়সী ওই যুবক অনেকদিন ধরেই মালয়েশিয়ায় থাকতেন। মালয়েশিয়ার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়েছে।

ওই তরুণের নাম মনির হোসেন। তিনি মালয়েশিয়ায় একটি রেস্টুরেন্টে কাজ করতেন। সেখানেই করোনাভাইরাসে আক্রান্ত হন। মঙ্গলবার রাতে তার মৃত্যু হয়েছে বলে নিশ্চিত হওয়া গেছে। বুধবার সকালে মালয়েশিয়া কর্তৃপক্ষ মনিরের পরিবারকে তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে। তার পরিবার জানিয়েছে, ২০১৬ সালে বিয়ে করেন মনির হোসেন।

কাজের সন্ধানে তিনি ২০১৮ সালে মালয়েশিয়ায় যান। তখন থেকে একটি রেস্তোরাঁয় কাজ করতেন। মনির হোসেন দক্ষিণ-পূর্ব ভারতের প্রথম বাসিন্দা যিনি করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রাণ হারালেন। তার মরদেহ দেশে আনতে কেন্দ্রের সাহায্য চেয়েছেন তার পরিবারের সদস্যরা।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে বলা হচ্ছে, মালয়েশিয়া সরকার তাদের কিছু জানায়নি। মনির হোসেনের মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই আগরতলা বিমানবন্দরে সতর্কতা জারি করা হয়েছে। বসানো হয়েছে মেডিকেল টিমও।

এদিকে হংকং ইতিমধ্যেই সিভিয়ার অ্যাকাউন্ট রেসপিরেটরি সিনড্রোম প্রতিরোধের ওষুধ আবিষ্কার করে ফেলেছে বলে দাবি গবেষকদের। এতদিন ধরে গবাদি পশুদের ওপর এই ওষুধ প্রয়োগ চলছিল। কিছু সমস্যার জন্য প্রকাশ্যে আনতে চাননি গবেষকরা। তবে সব বাঁধা কাটিয়ে খুব শিগগির করোনার টিকা সামনে আনবে হংকং। বুধবার এমনটাই দাবি করলেন হংকংয়ের বিজ্ঞানীরা।

‘সাউথ চায়না মর্নিং পোস্ট’কে দেয়া সাক্ষাৎকারে হংকং ইউনিভার্সিটির মেডিসিন বিভাগের গবেষক ইউয়েন কোক-ইয়াং বলেছেন, সার্স ভাইরাসের সংক্রমণের সময় থেকেই আমরা আশঙ্কা করেছিলাম। সেই মতো টিকা তৈরির কাজ চলছিল।

চীনে করোনাভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে ২৫৯

চীনে প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা ২৫৯ জন ছাড়িয়েছে। চীনের মূল ভূখণ্ডেই এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১১ হাজার ৭৯১ জনের ওপরে।

দেশটির হুবেই প্রদেশে আক্রান্ত ও মৃতের সংখ্যা বেশি। সেখানে ২৪৯ জন মারা গেছেন এ রোগে। হুবেই প্রদেশের উহান শহরকে ভাইরাসটির উৎপত্তিস্থল বলে ধারণা করা হচ্ছে। খবর বিবিসি ও রয়টার্সের।

চীনের বাইরে এ ভাইরাস আরও ২২ দেশে ছড়িয়েছে। এসব দেশে শতাধিক করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত করা হয়েছে।

চীনে বর্তমানে এক লাখ দুই হাজারের অধিক লোক এ ভাইরাসে আক্রান্ত হয়েছেন-এমন সন্দেহে তাদের বিশেষ পর্যবেক্ষণে রাখা হয়েছে।

মহামারী আকার ধারণ করা করোনাভাইরাসে মৃতের সংখ্যা নিয়ে চীন সরকার আনুষ্ঠানিকভাবে যে হিসাব দিয়েছে প্রকৃতপক্ষে ওই ভাইরাসে মৃতের সংখ্যা আরও অনেক বেশি বলে মনে করা হচ্ছে।

অভিযোগ উঠেছে, হাসপাতালে মৃতের কোনো রেকর্ড না রেখেই তড়িঘড়ি করে মরদেহগুলো সৎকার করার কাজ করছে চীন।

চীনের উহান শহরে মরদেহ সৎকারের সঙ্গে জড়িত শ্রমিকরা বলছেন, হাসপাতাল থেকে তাদের কাছে সৎকারের জন্য যে মরদেহগুলো পাঠানো হচ্ছে তার বেশিরভাগের কোনো রেকর্ড রাখছে না হাসপাতাল কর্তৃপক্ষ।

শনিবার যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্ত সপ্তম ব্যক্তিকে শনাক্ত করা হয়েছে। দেশটির স্বাস্থ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ স্বাস্থ্য বিষয়ক জরুরি অবস্থা ঘোষণা করেছে।

একই সঙ্গে দেশটি দুই সপ্তাহের মধ্যে চীন সফর করেছে- এমন যেকোনো ব্যক্তির যুক্তরাষ্ট্র ভ্রমণের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এছাড়া

উহান শহর থেকে যেসব আমেরিকানকে ফিরিয়ে আনা হচ্ছে তাদের ১৪ দিন পর্যবেক্ষণে রাখারও ব্যবস্থা গ্রহণ করেছে দেশটির স্বাস্থ্য বিভাগ।

চীন, থাইল্যান্ড, জাপান, দক্ষিণ কোরিয়া, যুক্তরাষ্ট্র, ভিয়েতনাম, হংকং, সিঙ্গাপুর, ভারত, মালয়েশিয়া, নেপাল, ফ্রান্স, অস্ট্রেলিয়া, কানাডা, জার্মানি, কম্বোডিয়া, শ্রীলঙ্কা, সংযুক্ত আরব আমিরাত, তাইওয়ান ও ইসরাইলে এ ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। প্রতিদিনই নতুন নতুন রোগীকে শনাক্ত করা হচ্ছে।

প্রাণঘাতী করোনাভাইরাসের প্রাণকেন্দ্র চীনের মধ্যাঞ্চলের উহান শহর থেকে শত শত বিদেশি নাগরিককে সরিয়ে নেয়ার কাজ শুরু করেছে বিশ্বের বেশ কয়েকটি দেশ। বাংলাদেশও ৩৪১ জনকে নিজ দেশে ফিরিয়ে আনার উদ্যোগ নিয়েছে। শনিবার তাদের দেশে ফেরার কথা।

সুত্র-যুগান্তর

বলিভিয়ায় বাস খাদে পড়ে নিহত ১৫

বলিভিয়ায় লা পাজ এলাকায় একটি যাত্রীবাহী বাস খাদে পড়ে ১৫ জন নিহত হয়েছেন। এ ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও ১৭ জন।

শুক্রবার দেশটির প্রশাসনিক রাজধানী লা পাজের কাছে এ দুর্ঘটনা ঘটে। খবর সিনহুয়ার।

দেশটির কর্মকর্তারা জানিয়েছেন, লা পাজের কাছে একটি বাঁকে নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি একটি গিরিখাদে পড়ে যায়। স্থানীয় অগ্নিনির্বাপণ দফতরের প্রধান ইসমাঈল ভিলকা জানিয়েছেন, দুর্ঘটনার মাত্র আধাঘণ্টা আগেই রাজধানী থেকে উত্তরাঞ্চলীয় কোরিপাতা শহরের উদ্দেশে যাত্রা করেছিল বাসটি।

গিরিখাদে পড়ে ঘটনাস্থলেই ১৪ জন প্রাণ হারান। আহতদের উদ্ধার করে হাসপাতালে নেয়ার পর সেখানে আরও একজন মারা যান।

বলিভিয়ায় এক সপ্তাহের মধ্যে এটি তৃতীয় সড়ক দুর্ঘটনা। গত বুধবারও লা পাজের পশ্চিমে একটি কার্গোর সঙ্গে একটি ছোট বাসের সংঘর্ষের ঘটনা ঘটে। ওই দুর্ঘটনাতে ১৪ জন নিহত হয়। এছাড়া আরেক দুর্ঘটনায় ৩ জন নিহত হয়।

গাজায় বিমান হামলা চালাল ইসরাইল

দক্ষিণ গাজায় বিমান হামলা চালিয়েছে ইসরাইল। শুক্রবার সকালে এ হামলা চালানো হয়। তবে হামলায় কতজন হতাহত হয়েছে তা জানানো হয়নি। খবর ইয়েনি শাফাক।

তুর্কি রাষ্ট্রীয় সংবাদ মাধ্যম আনাদলু এজেন্সির এক সাংবাদিক জানিয়েছে, রাফাহ শহরে ইসরাইলি বিমান থেকে পরপর ১০টি বিমান হামলা চালানো হয়েছে।

হামলার পরে ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে কোনো হতাহতের খবর জানানো হয়নি। তবে বিমান হামলায় শহরটির কিছু বাড়ি ও পানি ব্যবস্থাপনা ক্ষতিগ্রস্থ হয়েছে।

ইসরাইলি সেনাবাহিনী দাবি করেছে, হামাস মাটির নিচে সুড়ঙ্গ (টানেল) নির্মাণ করে সেখানে অস্ত্র তৈরি করছিল। সেসব জায়গা লক্ষ্য করে বিমান হামলা চালানো হয়েছে।

সেনাবাহিনী আরও বলেছে, এর আগে বৃহস্পতিবার গাজা উপত্যকা থেকে রকেট হামলার জবাবে এ বিমান হামলা চালানো হয়েছে।

সুত্র-যুগান্তর

মুরগির নামে চলছিল কাকের মাংস বিক্রি!

কাকের মাংসকে মুরগির মাংসের সঙ্গে মিশিয়ে বিক্রি করছিলেন তারা।

এ অভিযোগে দুই জনকে গ্রেফতারও করেছে স্থানীয় পুলিশ। বিষয়টি জানাজানির পর ওই স্থানীয়রা ক্রেতারা বিস্মিত হয়ে তাদের বিচার চাইছেন।

কাক মেরে চিকেন বলে চালিয়ে দেয়ার এই ঘটনাটি ঘটেছে ভারতের তামিলনাড়ুর রামেশ্বরম নামক এলাকায়।

গত বৃহস্পতিবার অভিযুক্ত দুই ব্যক্তির কাছ থেকে ১৫০টি মৃত কাক দ্ধার হয়েছে বলে ভারতীয় সংবাদমাধ্যমকে জানিয়েছেন স্থানীয় বনবিভাগের কর্মকর্তারা।

ভারতের সংবাদমাধ্যম সূত্রে জানা যায়, কাকের অভাব নেই রামেশ্বরমে। সম্প্রতি স্থানীয়রা লক্ষ্য করেন, দুই ব্যক্তি কাকদের উদ্দেশ্যে ভাত ছিটিয়ে দিচ্ছেন। এতে অনেক অনেক কাক এসে তা খাওয়া শুরু করে। এতো কাককে কেন খাওয়াচ্ছেন জিজ্ঞেস করলে ওই দুই ব্যক্তি জানায়, তাদের প্রয়াত স্বজনদের স্মরণে এ কাজটি করছেন তারা। কিন্তু পরে দেখা যায় বেশ কিছু কাক মরে গেছে। তখনই স্থানীয়রা বিষয়টি কর্তৃপক্ষকে জানায়।

কাক মরে যাওয়ার পেছনে ওই দুই ব্যক্তির হাত রয়েছে বলে অভিযোগ করেন তারা। অফিসাররা তদন্ত করে দেখেন ভাতের সঙ্গে মেশানো বিষেই কাকগুলোর মৃত্যু হয়েছে। এরপর ওই দুই ব্যক্তির ঘরে গিয়ে তল্লাশি করে ১৫০ মৃত কাক উদ্ধার করেন তারা।

পুলিশি জেরায় তারা স্বীকার করেন, মরে যাওয়া কাকগুলোর মাংস

মুরগির মাংসের সঙ্গে মিশিয়ে বিক্রি করছিলেন তারা। রাস্তার কাছে থাকা খাবারের দোকানে ওই মাংস বিক্রি করে যাচ্ছিলেন তারা।

সূত্র: মিড ডে ডট কম, বিহার টাইমস